সংবাদ

তারিখ ..09. OCT. 2016.....
পৃষ্ঠা ...১৬... কলাম....৮......

মেডিকেল ভর্তি প্রশ্ন জালিয়াতি

# রাজশাহীতে কোচিং সেন্টারের পরিচালকসহ আটক ১১

প্রতিনিধি, রাজশাহী

মেডিকেল ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র জালিয়াতির অভিযোগে রাজশাহীতে ১১ জনকে আটক করেছে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা শাখা। শুক্রবার মেডিকেল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার প্রাক্কালে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন- রাজশাহী মহানগরীর রয়েল কোচিংয়ের পরিচালক সোহেল রানা, আ. ওয়াহেদ, মোক্তাদির, মো. মেহেদী হাসান, মো. ইব্রাহিম খলিল, মো. আজমল হোসেন, নয়ন আহমেদগণকে নগরীর হেতেমখাঁ এলাকা হতে আটক করা হয়। গোয়েন্দা শাখার অন্য একটি টিম নগরীর উপশহর এলাকার গোরস্তানের পাশে অবস্থিত একটি মেস থেকে শাকিল ইসলাম, মিলন আহমেদ, আ. খালেক ও শাহেদকে আটক করে। তারাও প্রশ্নপত্র জালিয়াতি চক্রের সদস্য। গতকাল সন্ধ্যার দিকে পাঠানো রাজশাহী মেট্রোপলিটন পুলিশের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, শুক্রবার (৭ অক্টোবর) রাজশাহীসহ সারা বাংলাদেশে একসঙ্গে মেডিকেল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার প্রাক্কালে পরীক্ষার প্রশ্ন জালিয়াতির (ভুয়া প্রশ্ন সরবরাহ) পৃথক দুটি ঘটনায় রাজশাহী মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা শাখার কোচিং : পৃষ্ঠা : ২ ক : ১

## কোচিং : সেন্টারের

(১৬ পৃষ্ঠার পর)

নেতৃত্বে তাদের আটক করা হয়। আটককালীন সময়ে তারা মোবাইলের বিভিন্ন এ্যাপসের মাধ্যমে ভুয়া প্রশ্ন ভর্তি পরীক্ষার্থীদের কাছে পাঠাচ্ছিলেন। এদিকে রাজশাহী মহানগরীতে বিশেষ অভিযান চালিয়ে ২৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) মুখপাত্র সিনিয়র সহকারী কমিশনার ইফতেখায়ের আলম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, শুক্রবার রাতভর নগরীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে নগরীর বোয়ালিয়া মডেল থানা ৮ জন, মতিহার থানা ৬ জন,শাহমখদুম থানা একজন ও রাজপাড়া থানা ৮ জনকে গ্রেপ্তার করে। পরে গতকাল শনিবার দুপুরে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

গ্রেফতারকৃতদের মধ্যে মধ্যে ১৬ জন ওয়ারেন্টভুক্ত আসামি, পাঁচজন মাদক ব্যবসায়ী এবং দু'জন মাদকসেবী বলেও জানিয়েছেন পুলিশ কর্মকর্তা ইফতেখায়ের আলম।